

মেমো নং- ৬১৮/বি. স্টা./বিবিএ প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা-২০১৭-১৮/৩৪

তারিখঃ ০৫/১২/২০১৭

### ওয়ার্ড কোটায় ভর্তির নোটিশ

বিজনেস স্টাডিজ অনুষদ (ইউনিট- D) বিবিএ প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের পুত্র/কন্যা কোটায় (Ward Quota) সাক্ষাৎকার শেষে ভর্তির জন্য চূড়ান্তভাবে তালিকা প্রকাশ করা হল। নির্বাচিত ছাত্র/ছাত্রীদের ০৫/১২/২০১৭ তারিখ হতে ১১/১২/২০১৭ তারিখের মধ্যে অনলাইনে (<http://admission.ru.ac.bd>) ভর্তি ফরম পূরণ করার পর দুই কপি প্রিন্ট করে বিজনেস স্টাডিজ অনুষদ অফিসে উপস্থিত হয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

ক্লাশ শুরু : ২১ জানুয়ারী ২০১৮

নির্বাচিত ছাত্র/ছাত্রীদেরকে নিম্নোলিখিত পদ্ধতিতে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবেঃ

১. ভর্তির জন্য নির্বাচিত সকল ছাত্র/ছাত্রীকে অনলাইনে (<http://admission.ru.ac.bd>) নির্দিষ্ট সময়ের মধ্যে ভর্তি ফরম পূরণ করতে হবে এবং ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাবলী অনলাইনে পাওয়া যাবে।

২. ভর্তির সময় (অফিস চলাকালীন সময়ে) নিম্নের ডকুমেন্টসমূহ A4 সাইজ খামে (খামের উপরে নাম, রোল নং, মোবাইল নং, জমাকৃত ডকুমেন্ট সমূহের নাম লিখে) ডীন অফিসে জমা দিতে হবে।

ক) এস.এস.সি./সমমান পরীক্ষার মূল সার্টিফিকেট

খ) এইচ.এস.সি./সমমান পরীক্ষার মূল সার্টিফিকেট (যদি থাকে), মূল মার্কসশীট ও রেজিস্ট্রেশন কার্ড

গ) ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (পরীক্ষার হলে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত)

উল্লেখ্য, এস.এস.সি./সমমান পরীক্ষার মূল সার্টিফিকেট, এইচ.এস.সি./সমমান পরীক্ষার মূল সার্টিফিকেট (যদি থাকে), মূল মার্কসশীট ও রেজিস্ট্রেশন কার্ড ১ বছর জমা রাখা হবে। ডকুমেন্টসমূহ জমা দেয়ার পূর্বে নিজের ভবিষ্যৎ প্রয়োজনে একাধিক ফটোকপি সত্যায়িত করে রাখতে হবে।

৩. অগ্রণী ব্যাংক, রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখায় অনুষদ উন্নয়ন ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা জমা দিয়ে জমাকৃত রশিদটি ভর্তির সময় অনুষদ অফিসে জমা দিতে হবে।

হিসাবের নাম : অনুষদ উন্নয়ন তহবিল, হিসাব নম্বর - ০২০০০০২৫৯৮৪০৭

### শর্তাবলীঃ

ক) ছাত্র/ছাত্রীদের প্রদত্ত তথ্যাবলীতে কোন অসঙ্গতি পরিলক্ষিত হলে ভর্তি বাতিল করা হবে।

খ) প্রকাশিত ফলাফলে ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা অনুষদের থাকবে।

(প্রফেসর ড. মোঃ শিবলী সাদিক)

চীফ কো-অর্ডিনেটর, ইউনিট- D

বিবিএ প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা- ২০১৭-১৮

ও

অধিকর্তা, বিজনেস স্টাডিজ অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।